

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৩.১৭.

তারিখ : /১১/২০১৭ খ্রিঃ

বিষয় : সরকারী-বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন আঞ্চলিক পরিদর্শকের কার্যালয় কর্তৃক সরকারী-বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে।

- ২। বর্ণিত মনিটরিং কার্যক্রমে অধিদপ্তর কর্তৃক নির্ধারিত পরিদর্শন প্রতিবেদন ফরম ব্যবহৃত হচ্ছে। অধিকাংশ আঞ্চলিক পরিদর্শকগণ পরিদর্শন শেষে প্রতিষ্ঠান কর্তৃক পূরণকৃত নির্ধারিত পরিদর্শন ফরমটি রিপোর্ট আকারে এ অধিদপ্তরে প্রেরণ করছেন। ফলে প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে মূল্যায়ন করা অনেকাংশে জটিলতা সৃষ্টি হচ্ছে।
- ৩। গত ১৭/০৮/২০১৭ খ্রিঃ তারিখে আঞ্চলিক পরিদর্শকদের নিয়ে অধিদপ্তরে অনুষ্ঠিত মনিটরিং কার্যক্রম জোরদার সংক্রান্ত সভায় ২নং সিদ্ধান্ত অনুযায়ী সরকারী-বেসরকারী কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক বিষয়াদি মনিটরিং করে এ সংক্রান্ত একটি সংক্ষিপ্ত প্রতিবেদন সুপারিশসহ প্রেরণের সিদ্ধান্ত হয়েছিল।
- ৪। বর্ণিত সিদ্ধান্তের আলোকে প্রতিষ্ঠানের একাডেমিক (ক্লটিন অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ, ক্লাশ টেস্ট, কুইজ টেস্ট), প্রশাসনিক (শিক্ষক-কর্মচারী সঠিক সময় প্রতিষ্ঠানে উপস্থিতি এবং সরকারী প্রতিষ্ঠানে নির্ধারিত সময় দ্বিতীয় শিফটের ক্লাস অনুষ্ঠিত হয় কিনা?) ও আর্থিক (প্রতিষ্ঠানের খাতওয়ারী ক্যাশ বহি হালনাগাদ রয়েছে কিনা?) সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন সুপারিশসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। এছাড়া প্রতিটি কর্মদিবসে অন্তত ২(দুই)টি সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান টেলিফোনের মাধ্যমে সার্বিক বিষয়ে খোঁজ খবর নিয়ে যদি কোন অসঙ্গতি ও অপ্রীতিকর কিছু যদি থাকে তা এ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন)/ পরিচালক (ভোকেশনাল)-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : আঞ্চলিক পরিদর্শক
আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়
ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা বিভাগ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৩.১৭. ২৮৭৭

তারিখ : ০৬ /১১/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। সহকারী পরিচালক-৭, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখান! অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক (ভোকেশনাল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (ভোকেশনাল) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ৬। সংরক্ষণ নথি।

(বিমল কুমার মিশ্র)
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬/১১/১৭